

নির্বাহী প্রকৌশলীর কার্যালয়			
গণপূর্ত ই/এম এম আই এস বিভাগ-২, ঢাকা।			
ডায়েরী নং-	তারিখঃ- ১৬/১১/২২		
২৪৭৬	গ্রহণকারীঃ-		
অ: স:	স: প্র:	উ: বি: প্র:	নি: প্র:

গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার
প্রধান প্রকৌশলীর কার্যালয়
গণপূর্ত অধিদপ্তর, সেগুনবাগিচা, ঢাকা
ফোনঃ ৯৫৬২৭৯৫, ফ্যাক্সঃ ৮৮০-২-৯৫৬২৯১৩
www.pwd.gov.bd

সংস্থাপন শাখা-৩

স্মারক নং-২৫.৩৬.০০০০.২২০.০৭.০০৪(অংশ-১০).২১-২২৫০
প্রতি,

তারিখঃ ২৭-১-২০২২ বঙ্গাব্দ
২২-১-২০২২ খ্রিষ্টাব্দ

ঠিকাদারি প্রতিষ্ঠানের নাম ও মালিকের নাম	তালিকাভুক্তি বোর্ড সভার সিদ্ধান্ত মোতাবেক রেজিস্ট্রেশন ফি জমা দেয়ার ক্রমিক নম্বর বিভাগের নাম, বই নম্বর, রশি নম্বর ও তারিখ	চূড়ান্ত তালিকাভুক্তি রেজিস্ট্রেশন নম্বর ও সন
হাসান কম্পট্রাকশন মালিক-মীর মোহাম্মদ হাসান ঠিকানা-রোড নং-৩, বি/৩৪, পশ্চিম ষোলশহর, বায়জিদ, চট্টগ্রাম।	ক্রমিক নম্বর-৩৬, মতিঝিল গণপূর্ত বিভাগ, ঢাকা এর টাকার রশিদ নম্বর-৪৯ বই নম্বর-০০৪৪৭৭ তারিখ ০৪/০৭/২০২২খ্রিঃ	২৯৯৭/২০২১-২০২২

বিষয়ঃ ২০২১-২০২২ সনের প্রথম শ্রেণি (সম্মিলিত) ঠিকাদারি প্রতিষ্ঠান হিসেবে তালিকাভুক্তির চূড়ান্ত আদেশ প্রদান প্রসংগে।

গণপূর্ত অধিদপ্তরের গত ২১/০৬/২০২১খ্রিঃ তারিখে ২৫.৩৬.০০০০.২২০.০৭.০০৪(অংশ-১০).২১-৯০৭/৪৯ স্মারকের নির্দেশ মোতাবেক উপরে উল্লেখিত প্রতিষ্ঠানের নামের পার্শ্বে বর্ণিত সংশ্লিষ্ট গণপূর্ত বিভাগে টাকার রশিদের মাধ্যমে রেজিস্ট্রেশন ফি বাবদ সর্বমোট ৫,৭৫০/- (পাঁচ হাজার সাতশত পঞ্চাশ) টাকা জমা প্রদান করে মূল রশিদসহ প্রয়োজনীয় কাগজপত্রাদি দাখিল করায় তার ঠিকাদারি প্রতিষ্ঠানকে ২০২১-২০২২ সনে নিম্নোক্ত শর্তে প্রথম শ্রেণি (সম্মিলিত) ঠিকাদারি প্রতিষ্ঠান হিসেবে গণপূর্ত অধিদপ্তরে তালিকাভুক্তি অনুমোদন করা হলো।

- (ক) উপরোক্ত ঠিকাদারি প্রতিষ্ঠানের মালিক এর ছবি ও নমুনা স্বাক্ষর নির্বাহী প্রকৌশলী (ওএন্ডএম), গণপূর্ত অধিদপ্তর, ঢাকা কর্তৃক সত্যায়িত যা পার্শ্বে গ্রথিত হলো।
- (খ) সংশ্লিষ্ট নির্বাহী প্রকৌশলীর দপ্তরের এ আদেশ প্রদর্শন করে রেজিস্ট্রেশন বইয়ের মূল্য প্রদান পূর্বক প্রতিষ্ঠানের নামে ঠিকাদারি রেজিস্ট্রেশন বই গ্রহণ করতে হবে।
- (গ) একই নাম ঠিকানা বা একই মালিকানাধীন গণপূর্ত অধিদপ্তরের অন্য কোন শ্রেণিতে তালিকাভুক্ত লাইসেন্স থাকলে তা স্বয়ংক্রীয়ভাবে বাতিল বলে গণ্য হবে এবং ভবিষ্যতে এ ব্যাপারে কোনরূপ ওজর আপত্তি গ্রহণ করা হবে না।
- (ঘ) প্রতিষ্ঠানের ঠিকানা পরিবর্তনসহ কোন প্রকার পরিবর্তন, পরিবর্ধন, কিংবা মৃত্যু জনিত কারণে মালিকানা পরিবর্তন, অংশীদারি প্রতিষ্ঠানের পরিবর্তন ও লিমিটেড প্রতিষ্ঠানে পরিবর্তনের প্রয়োজন হলে অত্র দপ্তর হতে পূর্বানুমতি গ্রহণ করতে হবে।
- (ঙ) আবেদনপত্রের সাথে দাখিলকৃত কাগজপত্রাদি ভবিষ্যতে কোন প্রকার অসত্য প্রমাণিত হলে তালিকাভুক্তির আদেশ বাতিল বলে গণ্য হবে। পিপিআর-২০০৮ এবং গণপূর্ত অধিদপ্তরের তালিকাভুক্তি বিধিমালা অনুযায়ী ব্যবস্থা গ্রহণ করা হবে।
- সংযুক্তিঃ ১। ছবি-১ (এক) কপি।
২। নমুনা স্বাক্ষর-১ (এক) কপি।



(নন্দিতা রাণী সাহা)

তত্ত্বাবধায়ক প্রকৌশলী (সংস্থাপন)

গণপূর্ত অধিদপ্তর, ঢাকা।

ফোনঃ ০২০০৩৩৮০৯৯৯

ই-মেইলঃ se_est@pwd.gov.bd

তারিখঃ ২৭-১-২০২২ বঙ্গাব্দ
২২-১-২০২২ খ্রিষ্টাব্দ

স্মারক নং-২৫.৩৬.০০০০.২২০.০৭.০০৪(অংশ-১০).২১-২২৫০/২(৪)

অবগতি ও প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণের জন্য অনুলিপি প্রেরণ করা হলোঃ-

- ১। তত্ত্বাবধায়ক প্রকৌশলী, গণপূর্ত সার্কেল,.....।
- ৩। নির্বাহী প্রকৌশলী, গণপূর্ত ই/এম এম আই এস বিভাগ-২, গণপূর্ত অধিদপ্তর, পূর্তভবন, ঢাকা।
- ৩। নির্বাহী প্রকৌশলী, মতিঝিল গণপূর্ত বিভাগ, ঢাকা। বর্ণিত ঠিকাদারি প্রতিষ্ঠানের নামে মূল্য প্রদান সাপেক্ষে রেজিস্ট্রেশন বই ইস্যু করতেঃ মালিকের ছবি, স্বাক্ষর এবং চূড়ান্ত তালিকাভুক্তি রেজিস্ট্রেশন নম্বর ও সন লিপিবদ্ধ করার জন্য অনুরোধ করা হলো। এ আদেশ বলে ২০২২-২০২৩ সনের নবায়ন ফি জমা প্রদানের অনুমতি প্রদান করা হলো।
- ৪। গার্ড নথি।

(আইনুন নাহার এ্যানি)

নির্বাহী প্রকৌশলী(ওএন্ডএম)

গণপূর্ত অধিদপ্তর, ঢাকা।

ফোনঃ ০২২২৩৩৮৪৫৪৪

ই-মেইলঃ ee_om@pwd.gov.bd